

## জোড়া কবিতা মনজিলা হোসেন

### আমার আকাশ

আকাশের ঐ নীল থেকে  
আমায় কিছু নীল এনে দাওনা।  
ঐ নীল যে আমার মনের মাঝে  
ভালবাসার স্বর্ণা।  
আমি দ'হাত তুলে দাড়িয়ে আছি  
নীলের ছোঁয়া পাইনা।  
নীল নীল বলে ডাকি আমি  
নীল তো আমায় ধরা দেয়না।  
ওগো আমার নীল আকাশ  
তোমার থেকে আমায় কিছু নীল এনে দাওনা।  
তোমার পানে চেয়ে চেয়ে  
আমার চোখের অক্ষর ঝরে  
তবুও কেন তোমার আকাশ থেকে  
আমায় কিছু নীল এনে দাওনা।  
তুমি আমার সকাল - বিকাল  
তুমি আমার রাতের অন্ধকার  
জোৎস্না রাতের আঁধার -আলো  
তুমি যে অসীম অন্ধকার।  
তোমার ঐ আকাশ থেকে আমায়  
কিছু নীল এনে দাওনা।  
তোমার ঐ নীল আকাশের বৃকে  
বিহঙ্গরা ডানা মেলে উড়ে বেড়ায়  
আমার এ দু চোখ সিক্ত তখন  
তোমার সাথে জীবন মরণ  
ও আমার ভালবাসার নীল আকাশ  
তোমার ঐ নীল থেকে আমায়  
কিছু নীল এনে দাওনা।



### স্বপ্ন

তোমার সুখের লাগিয়া  
এ ঘর ছারিনু  
সেই ঘরে আজ বাস করে  
অন্যজনা।  
দূর হইতে তোমায় দেখিয়া  
আঁচল দিয়া চক্ষু মুছি  
তবুও তুমি একটি বারও  
খোঁজটি আমার নিলেনা।  
তুমি আমি দু'জনে মিলে  
হাজারও স্বপ্নের জাল  
বুনে ছিলাম।  
আমার এ দু'চোখ তোমায়  
খুঁজে বেড়ায়।  
তোমার আমার সেই সুখ পাখী  
আজও ডানা ঝাপটা দিয়ে  
চলে গেছে ঐ দূর থেকে দূরে  
হয়তো আর কোনদিন আসবেনা  
কইবেনা সেই সুখের কথা।  
আজও আমি স্বপ্ন দেখি  
সে যে স্বপ্ন নয় দুঃসপ্ন।  
তোমায় দেখি ঘুমের ঘোরে  
চোখ খুলে দেখি সেখানে  
তুমি নেই।  
তুমি আছো আজ দূর থেকে  
তোমার জন্য এ ঘর ছেড়েছি  
সেই ঘরে আজ আমি নেই।



[মনজিলা হোসেন রুমু, জন্ম বরিশাল সদর। বাংলায় অনার্স ও মাস্টার্স। স্কুল ও কলেজ জীবন কেটেছে বরিশালের গন্ডির ভিতরে।  
ছোটবেলা থেকে রবীন্দ্র, নজরুল, জীবনানন্দের লেখা পড়ে, লেখালেখির প্রতি আগ্রহ।  
ব্যক্তিগত জীবনে মোফাজ্জল হোসেনের (28 C) সহধর্মিণী ॥